



বাংলাদেশ হাই কমিশন
বন্দর সেরি বেগাওয়ান
ব্রুনাই দারুসসালাম

নং-বিএইচসি/ক্র/বিজয় দিবস/২০২৩/ 414

তারিখঃ ০১ ডিসেম্বর ২০২৩

প্রিয় সুধী,

আগামী ১৬ ডিসেম্বর ২০২৩ তারিখ (শনিবার) যথাযোগ্য মর্যাদা ও ভাবগাম্ভীর্যের সাথে মহান বিজয় দিবস উদযাপন করা হবে। “মহান বিজয় দিবস” যথাযোগ্য মর্যাদায় পালন উপলক্ষে বাংলাদেশ হাইকমিশন কর্তৃক আয়োজিত উক্ত অনুষ্ঠানে পরিবারসহ যোগদানের জন্য অনুরোধ করা হল।

অনুষ্ঠান সূচী

সকালের অনুষ্ঠান সূচী:

সকাল ০৯:০০	ঘটিকা	: অতিথিদের দূতাবাস প্রাঙ্গনে উপস্থিতি;
সকাল ০৯:০৫	ঘটিকা	: দূতাবাস প্রাঙ্গনে আনুষ্ঠানিকভাবে জাতীয় পতাকা উত্তোলন;
সকাল ০৯:১০	ঘটিকা	: পবিত্র কুরআন থেকে তিলাওয়াত;
সকাল ০৯:১৫	ঘটিকা	: মহান মুক্তিযুদ্ধে সকল শহীদ স্মরণে ১ মিনিট নীরবতা পালন;
সকাল ০৯:১৬	ঘটিকা	: অতিথিদের অভ্যর্থনা কক্ষে আসন গ্রহণ;
সকাল ০৯:২০	ঘটিকা	: জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ;
সকাল ০৯:৩০	ঘটিকা	: বিজয় দিবস উপলক্ষে মহামান্য রাষ্ট্রপতি, মাননীয় প্রধানমন্ত্রী, মাননীয় পররাষ্ট্রমন্ত্রী ও মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রী মহোদয়ের প্রেরিত বাণী পাঠ;
সকাল ০৯:৫০	ঘটিকা	: বাংলাদেশের মুক্তিযুদ্ধের ভিডিও চিত্র প্রদর্শন;
সকাল ১০:০০	ঘটিকা	: বাংলাদেশের মহান বিজয় দিবস ও মুক্তিযুদ্ধ বিষয়ের উপর আলোচনা;
সকাল ১০:৩০	ঘটিকা	: মান্যবর হাইকমিশনারের বক্তব্য;
সকাল ১১:০০	ঘটিকা	: আপ্যায়ন।

স্থান : অফিস প্রাঙ্গণ (বাংলাদেশ হাই কমিশন, লট নং-২৪৬৯, সিম্পাং- ১০২৮, কাম্পং- তানাহ জাম্বু, জালান- মুয়ারা, বন্দর সেরি বেগাওয়ান, ব্রুনাই দারুসসালাম)

০২। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ নোটিশ জারী করা হলো।

(তন্ময় মজুমদার)

কাউন্সেলর ও দূতালয় প্রধান

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মান্যবর হাইকমিশনার এর ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ হাই কমিশন, ব্রুনাই দারুসসালাম।
২. সকল কর্মকর্তা/কর্মচারী, বাংলাদেশ হাই কমিশন, ব্রুনাই দারুসসালাম।
৩. ব্রুনাই দারুসসালাম-এ বসবাসরত সকল প্রবাসী বাংলাদেশী।
৪. নোটিশ বোর্ড।
৫. সংশ্লিষ্ট নথি।